

# বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।

[caab.gov.bd](http://caab.gov.bd)

স্মারক নং-৩০.৩১.০০০০.২০১.০১.০০২.১৮-৮৬১

তারিখ: ২৫/০৭/২০১৮

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের নিম্নবর্ণিত পদে চুক্তিভিত্তিক নিয়োগের লক্ষ্যে প্রয়োজনীয় শর্তাদি পূরণ সাপেক্ষে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা হচ্ছে:

পদের নাম	পদের সংখ্যা	বেতন (সর্বসাকুল্যে)	শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও বয়স
জুনিয়র বিশেষ পরিদর্শক (নিরাপত্তা)	১০ (দশ) টি	৭২,১৫০/- (বাহাত্তর হাজার একশত পঞ্চাশ টাকা মাত্র)	শিক্ষাগত যোগ্যতা: অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে অনূন ২য় শ্রেণির স্নাতক ডিগ্রী। (বিশেষ ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য)  অভিজ্ঞতা: সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের নিরাপত্তা বিষয়ক অভিজ্ঞতা।  বয়স: ন্যূনতম ২৫ বছর ও সর্বোচ্চ ৪০ বছর।

### ২. শর্তাবলি :

- নিয়োগপ্রাপ্ত বিশেষ পরিদর্শকগণের দায়িত্ব ও কর্তব্য কর্তৃপক্ষের এভিয়েশন সিকিউরিটি বিভাগের অধীনে ন্যস্ত হবে। তাদের চুক্তিভিত্তিক নিয়োগের মেয়াদ প্রাথমিকভাবে ০২ (দুই) বছর;
- সর্বসাকুল্যে মাসিক ফি ৭২,১৫০/- টাকা। উক্ত ফি হতে বিধি মোতাবেক উৎসে আয়কর ও ভ্যাট কর্তনযোগ্য;
- কর্তৃপক্ষের প্রয়োজনে ও সন্তোষজনক সেবার ভিত্তিতে জুনিয়র বিশেষ পরিদর্শক হিসেবে কার্য সম্পাদনের চুক্তি নবায়নযোগ্য;
- চুক্তির মেয়াদ উত্তীর্ণের পূর্বে চাকরি ত্যাগ করতে ইচ্ছুক হলে ০৩ (তিন) মাসের ফি-এর সমপরিমাণ অর্থ সিএএবিকে প্রদান করে চাকুরী হতে অব্যাহতি নিতে হবে;
- দৈনিক ভাতা, ভ্রমণ ভাতা (বিদেশ ভ্রমণসহ যেমন- সভা, সেমিনার, সিম্পোজিয়াম, সম্মেলন, ওয়ার্কশপ, প্রশিক্ষণ, পরিদর্শন ইত্যাদি) এবং অন্যান্য সুযোগ-সুবিধা (যথা দাপ্তরিক/আবাসিক টেলিফোন, যাতায়াত/গাড়ীর তেল ইত্যাদি) ও প্রাপ্যতা কর্তৃপক্ষে কর্মরত একজন ৯ম গ্রেডের কর্মকর্তার সমতুল্য হবে;
- জুনিয়র বিশেষ পরিদর্শক হিসেবে কর্তৃপক্ষের চাহিদা/চুক্তি মোতাবেক সিএএবি'র সদর দপ্তরে অফিস করতে হবে এবং অন্য কোন সরকারি/স্বায়ত্তশাসিত বা বেসরকারি প্রতিষ্ঠানে চাকরি করতে পারবেন না।
- বছরে সর্বমোট ৩০ (ত্রিশ) দিন কর্তৃপক্ষের পূর্ব অনুমতি সাপেক্ষে বেতনসহ ছুটি ভোগ করতে পারবেন। উক্ত ছুটি অবিনিমেয় এবং পুঞ্জীভূত নহে।

### ৩. প্রধান দায়িত্ব ও কর্তব্য:

- ICAO Annex-17, Doc-8973 এবং National Civil Aviation Security Programme (NCASP) এর Standard অনুযায়ী (1) Audit (2) Inspection (3) Survey (4) Test-এর মত Quality Control কার্যক্রম পরিচালনা করা।
- National Civil Aviation Security Programme সহ NCASP, ও NCASQCP সমূহ পরিবর্তন ও পরিবর্ধনে সহায়তা করা।
- নিরাপত্তা সংক্রান্ত ট্রেনিং কার্যক্রমে অংশগ্রহণ এবং অগ্রগতিতে সহায়তা করা।
- USAP CMA Audit-এর জন্য সার্বিক প্রস্তুতিতে অংশগ্রহণ।
- বাংলাদেশে সকল বিমান বন্দরের নিরাপত্তা ব্যবস্থা পরিদর্শন এবং যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ প্রণয়ন।
- বাংলাদেশে সকল বেসামরিক দেশী এবং বিদেশী এয়ার অপারেটরদের নিরাপত্তা কার্যক্রম পরিদর্শন করা।
- এভিয়েশন সিকিউরিটি বিভাগ কর্তৃক এভিয়েশন সিকিউরিটি সংক্রান্ত যেকোনো দায়দায়িত্ব পালন করা।

৪. পরিষ্কার সাদা কাগজে আবেদন করতে হবে এবং তাতে নিম্নলিখিত তথ্যাদি উল্লিখিত থাকতে হবে:
- (ক) নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) বর্তমান ঠিকানা (ফোন নম্বর সহ) (ঙ) স্থায়ী ঠিকানা (চ) শিক্ষাগত যোগ্যতা (ছ) জন্মতারিখ (জ) ২৬/০৮/২০১৮ তারিখে বয়স (ঝ) জাতীয়তা (ঞ) ধর্ম (ট) অভিজ্ঞতা।
৫. আবেদনের সাথে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করতে হবে:
- (ক) ৩ (তিন) কপি সম্প্রতি তোলা যথাযথভাবে সত্যায়িত পাসপোর্ট সাইজ ছবি;  
(খ) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি;  
(গ) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত জাতীয়তার সনদ/জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট-এর সত্যায়িত অনুলিপি;  
(ঙ) চেয়ারম্যান, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর অনুকূলে ১,০০০.০০ (এক হাজার) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য)।
৬. চাকরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন প্রেরণ করতে হবে।
৭. অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।
৮. সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য প্রার্থী টিএ/ডিএ প্রাপ্য হবেন না।
৯. চেয়ারম্যান, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯ এর বরাবর আবেদন করতে হবে এবং তা ২৬/০৮/২০১৮ তারিখ বিকাল ৫.০০টার মধ্যে অত্র দপ্তরে পৌঁছাতে হবে।
১০. বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন নিয়োগ প্রক্রিয়া বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

স্বা/-

(মোঃ সাইফুল ইসলাম)

পরিচালক (প্রশাসন)

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ